গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, সোমবার ২৩ মার্চ ২০১৫, ৯ চৈত্র ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ভূমি অফিসে অগ্নিসংযোগকারীদের জমি ও সম্পদ বাজেয়াপ্ত করা হবে : প্রধানমন্ত্রী

২। সশস্ত্র বাহিনীর সমরাস্ত্র প্রদর্শনী উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

৩। ১০৭ দেশে ওষুধ রপ্তানি করছে বাংলাদেশ : সংসদে বাণিজ্যমন্ত্রী

৪। সিটি কর্পোরেশন নির্বাচনে আগাম প্রচারণা বন্ধে মোবাইল কোর্ট

৫। মেট্রোরেল উত্তরা থেকে ফার্মগেট অংশের কাজ শেষ হবে ২০১৯ সালে : সড়ক পরিবহণ মন্ত্রী

৬। বিশ্ব আবহাওয়া দিবস আজ

৭। সঞ্চয়পত্রে বিনিয়োগে রেকর্ড

৮। পাহাড়ে বিদেশিদের ভ্রমণে নিষেধাজ্ঞা শিথিল হচ্ছে

৯। নাশকতার আগুনে প্রাণ গেল আরও ৪ জনের

১০। বাংলাদেশে প্রথম চাষ হচ্ছে ক্যান্সার রোধক সবজি টমাটিলো

১১। বাংলাদেশ ক্রিকেট দলের সংবর্ধনায় বিমানবন্দরে ভক্তের ঢল

চলমান পাতা/২

১। ভূমি অফিসে অগ্নিসংযোগকারীদের জমি ও সম্পদ বাজেয়াপ্ত করা হবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্দোলনের নামে যারা ভূমি অফিসগুলোতে আগুন দিয়ে জরুরি দলিলপত্র পোড়াচ্ছে তাদের সকল জমি ও সম্পদ বাজেয়াপ্ত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়ে বলেছেন, ভূমি অফিসে নাশকতা সৃষ্টিকারীদের বাংলাদেশে ভূমির ওপর কোনও অধিকার থাকবে না। ওইসব অপরাধীর তাদের পৈত্রিক সম্পত্তিতেও কোনো অধিকার থাকবে না। তারা ওই এলাকায় থাকতে পারবে না। আমরা তাদের বিরুদ্ধ অবশ্যই কঠোর ব্যবস্থা নেবো। ভূমি অফিসে অগ্নিসংযোগকারীদের খুঁজে বের করার জন্য গোয়েন্দা সংস্থাকে নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল ২২ মার্চ রোববার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইসলামিক ফাউন্ডেশনের ৪০তম প্রতিষ্ঠাবার্ষিকী ও' জাতীয় ইমাম সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৩), সংবাদ (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), ডেইলি স্টার (পৃ.১,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.৩)। নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। সশস্ত্র বাহিনীর সমরাস্ত্র প্রদর্শনী উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৫ উপলক্ষে জাতীয় প্যারেড স্কয়ারে বাংলাদেশ সেনা, নৌ ও বিমান বাহিনীর সম্মিলিত সমরাস্ত্র প্রদর্শনী উদ্বোধন করেছেন। গতকাল ২২ মার্চ রোববার ফিতা কেটে এবং বেলুন ও পায়রা উড়িয়ে প্রধানমন্ত্রী ৯ দিনব্যাপী এ প্রদর্শনীর উদ্বোধন করেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১৯,ক.১), প্রথম আলো (পৃ.২,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.২), ডেইলি সান (পৃ.৩,ক.২)।

৩। ১০৭ দেশে ওষুধ রপ্তানি করছে বাংলাদেশ : সংসদে বাণিজ্যমন্ত্রী

বাংলাদেশে উৎপাদিত ওষুধ ১০৭টি দেশে রপ্তানি করা হচ্ছে। এর মধ্যে উল্লেখযোগ্য দেশগুলো হচ্ছে জার্মানি, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, ইটালি, যুক্তরাজ্য, কানাডা, নেদারল্যান্ডস ও ডেনমার্ক। গতকাল ২২ মার্চ রোববার জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ এ তথ্য জানান। মন্ত্রী বলেন, ওষুধের আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে বিনামূল্যে নমুনা প্রেরণের সুবিধা দেওয়া হচ্ছে। অন্য এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, বিএনপি-জামায়াতের অযৌক্তিক হরতাল-অবরোধ কর্মসূচির মধ্যেরও রপ্তানি আয় উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। রপ্তানি আয়ের এ ধারা অব্যাহত থাকলে লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব। সূত্র-যুগান্তর (পৃ.২,ক.২), যায়যায়দিন (পৃ.৫,ক.২), ইত্তেফাক (পৃ.৩,ক.১)।

৪। সিটি কর্পোরেশন নির্বাচনে আগাম প্রচারণা বন্ধে মোবাইল কোর্ট

থামছেই না আগাম প্রচার প্রচারণা। ঢাকা উত্তর ও দক্ষিণ সিটিতে বিলবোর্ড অপসারণ করা হলেও পোস্টার ও ব্যানারের মহোৎসব চলছে। গত ২০ মার্চ শুক্রবার ৪৮ ঘণ্টার আল্টিমেটাম শেষ হলেও সম্ভাব্য প্রার্থীরা শুনছেন না নির্বাচন কমিশনের (ইসি) কথা। এই পরিস্থিতিতে তিন সিটিতে নির্বাহী ম্যাজিস্ট্রেট নামানোর সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। শিগগিরই এসব নির্বাহী ম্যাজিস্ট্রেট মাঠে থেকে মোবাইল কোর্ট পরিচালনা করবেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১৯,ক.২), প্রথম আলো (পৃ.৫,ক.৩), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩)।

৫। মেট্রোরেল উত্তরা থেকে ফার্মগেট অংশের কাজ শেষ হবে ২০১৯ সালে : সড়ক পরিবহণ মন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের জানিয়েছেন, আগামী ২০১৯ সালে মেট্রোরেলের উত্তরা থেকে ফার্মগেট অংশের কাজ এবং ২০২০ সালে উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত অংশের কাজ শেষ হবে। গতকাল ২২ মার্চ রোববার নগরভবনে ঢাকা যানবাহন সমন্বয় কর্তৃপক্ষের (ডিটিসিএ) বোর্ডসভা শেষে মন্ত্রী সাংবাদিকদের এ কথা জানান। সূত্র-ভোরের কাগজ (পৃ.৩,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), সমকাল (পৃ.১৯,ক.১), নিউজ টুডে (পৃ.৩,ক.২)।

৬। বিশ্ব আবহাওয়া দিবস আজ

আজ ২৩ মার্চ সোমবার বিশ্ব আবহাওয়া দিবস। প্রতিবছর বাংলাদেশসহ বিশ্ব আবহাওয়া সংস্থার ১৯১ সদস্য দেশ ও স্বায়ত্তশাসিত অঞ্চলসমূহ ২৩ মার্চ বিশ্ব আবহাওয়া দিবস পালন করে আসছে। বিশ্ব আবহাওয়া সংস্থা প্রতিবছর দিবসটি পালনের জন্য বাস্তব ও সময়োপযোগী একটি প্রতিপাদ্য বিষয় নির্বাচন করে থাকে। এবারের প্রতিপাদ্য বিষয় হচ্ছে 'ক্লাইমেট নলেজ ফর ক্লাইমেট এ্যাকশন' (জলবায়ু কার্যক্রমে জলবায়ু জ্ঞান)। সূত্র-জনকণ্ঠ (পৃ.৩,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.১), সমকাল (পৃ.২,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.৪,ক.২)।

৭। সঞ্চয়পত্রে বিনিয়োগে রেকর্ড

টানা অবরোধ-হরতালের মধ্যেও সঞ্চয়পত্রে বিনিয়োগ অব্যাহতভাবে বাড়ছে। চলতি অর্থবছরের আট মাসে (জুলাই-ফেব্রুয়ারি) সঞ্চয়পত্রে নিট বিনিয়োগ এসেছে ১৮ হাজার কোটি টাকার বেশি। যা পুরো অর্থবছরের লক্ষ্যমাত্রার চেয়ে দুই গুণ বেশি। বাংলাদেশের ইতিহাসে এর আগে কখনই সঞ্চয়পত্র বিক্রি থেকে এত বেশি টাকা সরকারের কোষাগারে জমা থাকেনি। সংশ্লিষ্টরা বলছেন, ব্যাংকগুলো আমানতে সুদহার কমানোর কারণে সঞ্চয়পত্রে বিনিয়োগ বাড়ছে। ঝুঁকিহীন এবং বেশি মুনাফার কারণে এ খাতে বিনিয়োগ বাড়ছে বলে মনে করেন অর্থনীতিবিদরা। এদিকে সঞ্চয়পত্র বিক্রি বাড়ায় সরকারের ব্যাংক ঋণের চাপ কমছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৮,ক.৪), ইত্তেফাক (পৃ.১৮,ক.৩), সমকাল (পৃ.১৪,ক.৪)।

৮। পাহাড়ে বিদেশিদের ভ্রমণে নিষেধাজ্ঞা শিথিল হচ্ছে

পার্বত্য চট্টগ্রামে বিদেশি পর্যটকদের ভ্রমণের ক্ষেত্রে আরোপিত বিধিনিষেধ শিথিল হচ্ছে। ভ্রমণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতি নিতে হবে না। সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের (ডিসি) অনুমতি নিলেই চলবে। গতকাল ২২ মার্চ রোববার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আন্ত:মন্ত্রণালয়ের বৈঠকে এ সিদ্ধান্ত হয়। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.২)।

৯। নাশকতার আগুনে প্রাণ গেল আরও ৪ জনের

হরতাল ও অবরোধে সহিংসতার আগুনে প্রাণ গেল আরও চারজন নিরীহ খেটে খাওয়া মানুষের। এঁদের মধ্যে তিনজনই মাগুরার বালুশ্রমিক। গতকাল ২২ মার্চ রোববার ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে একে একে মারা যান তিনজন। এক দিনে দুর্বৃত্তদের পেট্রোলবোমায় দগ্ধ হয়ে এ হাসপাতালে এত জনের মৃত্যু আর হয়নি। জীবিকার জন্য ঘর থেকে বেরোতে বাধ্য হওয়া লোকজনের মধ্যে ছড়িয়ে পড়ছে উৎকণ্ঠা। বিএনপির নেতৃত্বাধীন ২০-দলীয় জোটের টানা অবরোধের ৭৬তম দিন ছিল গতকাল। এদিন ঢাকা ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের দুটি বাসসহ তিনিট গাড়িতে আগুন দেয় দুর্বৃত্তরা। রাজশাহীতে পোস্ট অফিসেও আগুন দিয়েছে তারা। সূত্র- ইত্তেফাক (পৃ.১,ক.৩), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), ডেইলি স্টার (পৃ.১,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৪)। প্রথম আলো, বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। বাংলাদেশে প্রথম চাষ হচ্ছে ক্যান্সার রোধক সবজি টমাটিলো

ক্যান্সার প্রতিরোধী ও ডায়াবেটিস রোগীদের জন্য নতুন সবজি টমাটিলো উৎপাদন হচ্ছে রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের গবেষণা মাঠে। এটি বাংলাদেশের আবহাওয়ায় চাষ হওয়া প্রথম টমাটিলো। এ অসাধ্যকে সম্ভব করেছেন কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগের অধ্যাপক ড. নাহিদ জেবার তত্ত্বাবধানে পিএইচডি ও এমএস-এর শিক্ষার্থীদের একটি দল। টমাটিলো সালাদ, সস ও তরকারি হিসেবে রান্না করে খাওয়া যায়। কাঁচা খেতে সুস্বাদু ও মিষ্টি কম হওয়ায় ডায়াবেটিক রোগীদের জন্য খুবই ভালো একটি সবজি। গতকাল ২২ মার্চ রোববার বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.২), ইনকিলাব (শেষ পৃ.,ক.১)।

১১। বাংলাদেশ ক্রিকেট দলের সংবর্ধনায় বিমানবন্দরে ভক্তের ঢল

বিশ্বকাপ ক্রিকেটে অংশগ্রহণ শেষে গতকাল ২২ মার্চ রোববার দেশে ফিরেছে বাংলাদেশ দল। ভারতের কাছে হার সত্ত্বেও প্রথমবারের মতো কোয়ার্টার ফাইনালে জায়গা করে নেওয়া মাশরাফি বিন মর্তুজাদের এক নজর দেখতে ঢাকা বিমানবন্দরে ক্রিকেটপ্রেমীদের ঢল নামে। স্লোগান, ফুলের তোড়া, ফেস্টুন-ব্যানার নিয়ে হাজির হন তারা। সেখানে অনানুষ্ঠানিক জনাকীর্ণ সংবাদ সম্মেলনে ক্রিকেটারদের ঘিরে ছিল উৎসবের আমেজ। দলকে সমর্থন দেওয়ায় ভক্তদের ধন্যবাদ জানিয়ে মাশরাফি বলেন, আপনাদের সমর্থন আর ভালবাসা ছিল বলেই আমরা ভাল কিছু নিয়ে ফিরতে পেরেছি। দলের সবার প্রচেষ্টায়ই এটা সম্ভব হয়েছে। সূত্র-জনকণ্ঠ, সমকাল, ইত্তেফাক, সংবাদ, ডেইলি অবজারভার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : আনসারুল্লাহর মতো জঙ্গি সংগঠনের তৎপরতা সমূলে উৎপাটনে সর্বাত্মক আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

খ. ইত্তেফাক : হরতাল-অবরোধের কারণে ইংরেজি মাধ্যমে শিক্ষার্থীদের পরীক্ষা বাতিল হলে পরীক্ষার্থীদের অপূরণীয় ক্ষতির আশঙ্কা করে রাজনীতিকদের দেশের সব শিক্ষার্থীদের প্রতি সদয় হওয়ার আহ্বান;

গ. জনকণ্ঠ : মাতৃস্বাস্থ্য সুরক্ষায় বাংলাদেশের অভাবনীয় সাফল্য তুলে ধরে পুষ্টি ও খাদ্য সম্পর্কে মায়েদের আরও সচেতন করা জরুরি বলে অভিমত;

ঘ. সমকাল : স্কুল-কলেজে শিক্ষার্থীদের সাঁতার শেখা বাধ্যতামূলক করার শুভ উদ্যোগের প্রতি সংশ্লিষ্টদের ইতিবাচক সাড়া দেওয়ার প্রত্যাশা;

ঙ. সংবাদ : বাংলাদেশ-মালয়েশিয়া মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষরে কালক্ষেপন না করার সুপারিশ;

চ. যুগান্তর : বেসরকারি ব্যাংকের পরিচালকদের অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার আহ্বান;

ছ. ইনকিলাব, ভোরের কাগজ, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউ এজ, ডেইলি অবজারভার : নদী দূষণ ও পরিবেশগত সমস্যা সমাধানে কালক্ষেপণ না করে বিআইডব্লিউটিকে এখনই নদী দখল ও দূষণমুক্ত করার কাজ শুরু করার সুপারিশ;

জ. ডেইলি স্টার : হাইকোর্টের নির্দেশনা মোতাবেক মেয়েদের হয়রানি ও নির্যাতনকারীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা জোরদার করার আহ্বান;

ঝ. ইন্ডিপেনডেন্ট : অবৈধ গাড়ি পার্কিংয়ের কারণে স্বাভাবিক যানচলাচল ও পথচলা ব্যাহত হওয়ায় ট্রাফিক পুলিশকে এ ব্যাপারে আরও কঠোর হওয়ার আহ্বান;

ঞ. ডেইলি সান : অধিকাংশ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয় বিধি-২০১০ অনুসরণ না করায়

তাদের শিক্ষার মানের ব্যাপারে ইউজিসিকে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ট. নিউজ টুডে : রাজধানীসহ অন্যান্য স্থানে বহুতল বাণিজ্যিক ও আবাসিক ভবন নির্মাণের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যথাযথ মনিটরিং ও পরিদর্শনের ব্যবস্থা রাখার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে গণতন্ত্রকে কাট-ছাঁট করে বা পেন্ডিং রেখে চলার পথ 'গণতন্ত্র' থেকে যেমন বঞ্চিত করবে, তেমনি তা জনগণকে 'উন্নয়নকেও বিঘ্নিত ও বিকৃত করবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত 'অর্থনৈতিক উন্নয়নে মানবিক প্রগতি' শিরোনামের নিবন্ধে মনজু আরা বেগম সমাজের সর্বস্তরের মানুষের জন্য যদি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়, দুর্নীতি সহনীয় পর্যায়ে আসে, সম্পদের সুষম বণ্টন হয়, দেশে আইনের শাসন সুপ্রতিষ্ঠিত হয়, মানুষের প্রতি যদি মানুষের মানবিকবোধ ও অনুভূতিগুলো কাজ করে, তাহলেই মানবিক প্রগতির মধ্য দিয়ে দেশের সার্বিক উন্নয়ন ঘটবে বলে আশা করা যায় বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা